# পিদিম ফাউন্ডেশনে নিয়োগ

**পিদিম ফাউন্ডেশন,** এমআরএ সনদপ্রাপ্ত (০০৯৩৫-০০০৯৪-০০১৬২), পিকেএসএফ-এর সহযোগী সংস্থা হিসেবে দীর্ঘদিন যাবৎ ঢাকা, গাজীপুর, নরসিংদী, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, শেরপুর, মানিকগঞ্জ, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলায় দক্ষতার সঙ্গে মাইক্রোফাইন্যান্স ইনস্টিটিউট হিসেবে কার্যক্রম পরিচালনা ক'রে আসছে। **সংস্থার ঋণ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে নিম্নলিখিত পদসমূহে জরুরি ভিত্তিতে জনবল নিয়োগ করা হবে।** সংস্থার কর্ম-এলাকায় কাজ করতে আগ্রহী প্রার্থীদের **আগামী ১৫ জুন, ২০২৬ ইং** তারিখের মধ্যে পূর্ণ জীবন-বৃত্তান্ত (মোবাইল নম্বরসহ), সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি, শিক্ষাগত যোগ্যতা ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতাসম্পন্নদের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ ও ছাড়পত্রের ফটোকপি এবং যারা কর্মরত রয়েছেন তাদের কর্মরত সংস্থার নিয়োগপত্রের/প্রত্যয়ন পত্রের ফটোকপি সকল সংযুক্তিসহ আবেদনপত্র মানবসম্পদ বিভাগ বরাবর ডাকযোগে অথবা নিম্নলিখিত লিংকে বা ই-মেইল এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র প্রেরণের ঠিকানাঃ সিনিয়র উপ-পরিচালক (মানবসম্পদ ও আরটিডি), পিদিম ফাউন্ডেশন, প্লট-এ/৭৬, রোড-ডাব্লিউ-১, ব্লক-এ, ইস্টার্ন হাউজিং পল্লবী ফেইজ-২, রূপনগর, মিরপুর, ঢাকা-১২১৬ (খামের উপর অবশ্যই পদের নাম লিখতে হবে) অথবা আবেদন লিংক - https://pidim.cdipits.com/hrm/career/cv ; ই-মেইল : hrd@pidimfoundation.org

<table>
<tr><th>ক্র.নং</th><th>পদের নাম</th><th>সর্বোচ্চ বয়স সীমা</th><th>শিক্ষাগত যোগ্যতা</th><th>অভিজ্ঞতা</th><th>শিক্ষানবিশকালে বেতন</th><th>স্থায়ীকরণের পর বেতন</th><th>সংস্থার নিয়মানুযায়ী অন্যান্য সুবিধা (বেতন অতিরিক্ত) ও শর্তাবলী</th></tr>
<tr><td>১</td><td>এরিয়া ম্যানেজার</td><td>৪২ বছর</td><td>স্নাতক/স্নাতকোত্তর</td><td>জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।</td><td>৫০,০০০/-</td><td>৫৭,০২৬/-</td><td rowspan="6">● পুরুষ কর্মী/কর্মকর্তাদের একক আবাসন ফ্রি। নারী কর্মী/কর্মকর্তাদের (একক) আবাসন ভাতা বাবদ ১৫০০/- থেকে ২০০০/- টাকা প্রদান করা হয়।<br>● সংস্থার নীতিমালা অনুযায়ী প্রতি কি.মি ৪.৫০/- হারে মোটরসাইকেল ভাতা এবং মোটরসাইকেল মেইনটেন্যান্স বিল ৫০০/- এবং মবিল বিল ৬০০/- প্রদান করা হয়।<br>● প্রতিমাসে মোবাইল বিল এবং ইন্টারনেট বিল প্রদান করা হয়।<br>● ৪, ৫ ও ৬ নং পদপ্রার্থীদের বাই-সাইকেল ভাতা সর্বোচ্চ ১৫০০/- পর্যন্ত প্রদান করা হয়।<br>● ১ ও ২ নং পদপ্রার্থীদের অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল থাকতে হবে। ৩ নং পদপ্রার্থীদের বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>● ৪, ৫ ও ৬ নং পদপ্রার্থীদের মোটরসাইকেল/বাই-সাইকেল চালিয়ে কাজ করতে হবে। মোটরসাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্র অবশ্যই ড্রাইভিং লাইসেন্স বা লার্নার থাকতে হবে।<br>● ৩ নং পদপ্রার্থীদের হিসাবরক্ষকের কাজের পাশাপাশি সীমিত সংখ্যক সমিতি পরিচালনার দায়িত্ব পালন করতে হবে।<br>● ৩ নং পদপ্রার্থীগণ (হিসাবরক্ষক) ৩০ লক্ষ তদূর্ধ্ব ঋণস্থিতি নিয়ে কাজ করলে ২,০০০/- হার্ডশীপ ভাতা প্রাপ্য হবেন।</td></tr>
<tr><td>২</td><td>শাখা ব্যবস্থাপক</td><td>৪০ বছর</td><td>স্নাতক/স্নাতকোত্তর</td><td>জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। মানসম্মত ওটিআর, পার রেখে ৪ থেকে ৫ কোটি টাকার ঋণস্থিতি নিয়ে শাখা পরিচালনার দক্ষতা থাকতে হবে।</td><td>৩৮,০০০/-</td><td>৪৫,৫৭০/-</td></tr>
<tr><td>৩</td><td>হিসাবরক্ষক</td><td>৩৫ বছর</td><td>স্নাতক/স্নাতকোত্তর (বানিজ্য বিভাগ)</td><td>জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। অবশ্যই কম্পিউটার ও সফটওয়্যার পরিচালনায় পারদর্শী হতে হবে।</td><td>২৫,০০০/-</td><td>৩০,৪২৩/-</td></tr>
<tr><td>৪</td><td>ঋণ সংগঠক (অভিজ্ঞতাসম্পন্ন)</td><td>৩৫ বছর</td><td>স্নাতক/স্নাতকোত্তর</td><td rowspan="2">জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।</td><td>২২,০০০/-</td><td>৩০,০৬৯/-</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ সংগঠক (অভিজ্ঞতাসম্পন্ন)</td><td>৩৫ বছর</td><td>এইচএসসি</td><td>২০,০০০/-</td><td>২৭,১৪৪/-</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ সংগঠক (অভিজ্ঞতার প্রয়োজন নাই)</td><td>৩৫ বছর</td><td>স্নাতক/স্নাতকোত্তর</td><td>অভিজ্ঞতার প্রয়োজন নাই।</td><td>২০,০০০/-</td><td>২৭,১৪৪/-</td></tr>
</table>

## ➢ চাকুরির অন্যান্য সুযোগ-সুবিধা:

০১) সাপ্তাহিক ছুটি দু'দিন (শুক্রবার ও শনিবার)।

০২) সংস্থার নিয়ম অনুযায়ী বাৎসরিক বেতন বৃদ্ধি, পদোন্নতি, দুটি উৎসব ভাতা এবং বৈশাখি ভাতা প্রদান করা হয়।

০৩) সংস্থার নিয়ম অনুযায়ী যোগ্যতা ও নিষ্ঠার সাথে চাকুরির বয়স ১১ বছর অতিক্রান্ত হওয়ার পর ১ নং পদে ২০ লক্ষ, ২ নং পদে ১৬ লক্ষ, ৩ নং পদে ১৩ লক্ষ এবং ৪, ৫ ও ৬ নং পদের জন্য ১০ লক্ষ টাকা সুবিধা প্রাপ্য হবেন। উল্লিখিত সুবিধা প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি ফান্ড (Gross) ও অর্জিত ছুটির বিপরীতে বেতন ইত্যাদিসহ। এক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি ফান্ড সুবিধা যথাক্রমে ৫ ও ৩ বছর পূর্ণ হলে প্রাপ্য হবেন।

০৪) সংস্থার নিয়ম অনুযায়ী মোবাইল সিম (ফ্রি)। এছাড়াও রাত্রিযাপন ভাতা, প্রথম সন্তান ভাতা, কর্মদক্ষতা ভাতা, বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষা ভাতা, বিশেষ চিকিৎসা ভাতা, কর্মী-কর্মকর্তাদের মেধাবী ছেলে-মেয়েদের এককালীন শিক্ষাবৃত্তি এবং বাৎসরিক ভ্রমণসহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হয়।

০৫) নারী কর্মী/কর্মকর্তাদের জন্য মাতৃত্বকালীন ছুটি ৬ মাস স-বেতনে এবং পুরুষ কর্মী/কর্মকর্তাদের পিতৃত্বকালীন ছুটি ৫ (পাঁচ) কর্মদিবস স-বেতনে প্রদান করা হয়।

০৬) সংস্থার কর্মএলাকার মধ্যে যেকোন জেলায় কাজ করার মানসিকতা থাকতে হবে। তবে, নারী কর্মীদের পার্শ্ববর্তী জেলায় নিয়োগের সুবিধা রয়েছে।

## ➢ চাকুরিতে যোগদানের শর্তাবলি:

০১) সংস্থার নিয়ম অনুযায়ী শিক্ষানবিশকাল ৩/৬ মাস।

০২) জামানত: নির্বাচিত প্রার্থীদের ২ নং পদে ১৫,০০০, ৩ নং পদে ১২,০০০ এবং ৪, ৫ ও ৬ নং পদে ১০,০০০ টাকা নগদ জামানত যোগদানের সময় জমা দিতে হবে, যা চাকুরি শেষে লাভসহ ফেরতযোগ্য।

০৩) নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় উল্লিখিত জামানতের টাকা প্রধান কার্যালয় ব্যতীত অন্য কোনো মাধ্যমে জমা নেয়া হয় না। প্রধান কার্যালয় ব্যতীত আর্থিক লেনদেন করলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৪) অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের আবেদন করতে নিরুৎসাহিত করা হলো।

প্রার্থিতার ক্ষেত্রে সকলের জন্য সম-অধিকার। যে কোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।